
# সোচ কর

# সামজ কর

# ইন্‌ভেস্ট কর



শেষ কয়েক বছরে স্টক মার্কেটে বিনিয়োগের সংখ্যায় লক্ষ্যণীয় বৃদ্ধি দেখা গেছে। মার্কেটে ট্রেডিং করবার সময় বিনিয়োগকারীরা বহু বিষয়ের সম্মুখীন হয়েছিলেন। এরকম একটি গুরুত্বপূর্ণ বিষয় হল বিনিয়োগকারীর খাতে অননুমোদিত ট্রেডিং এর সম্ভাবনা।

বিনিয়োগকারীর খাতে অননুমোদিত ট্রানজ্যাকশান প্রতিরোধ করবার জন্য বিনিয়োগকারীদের ব্যবস্থা গ্রহণের সচেতনতা গড়ে তোলবার জন্য NSE র এটি একটি উদ্যোগ।

## অননুমোদিত ব্যবসা থেকে আপনার অ্যাকাউন্টের সুরক্ষা

## প্রি ট্রেডিং

### *অ্যাকাউন্ট খোলা*

- নো ইয়োর ক্লায়েন্ট ফর্মটি (KYC) পূর্ণ করুন, মেম্বার ক্লায়েন্ট এগ্রিমেন্ট (MCA), রিস্ক ডিজক্লোজার ডক্যুমেন্টটি পড়ুন (RDD) এবং সেইমত কাজ করুন।
- যদি আপনি সাব-ব্রোকারের মাধ্যমে কার্যনির্বাহ করেন তাহলে আপনার একটি ত্রিদলীয় চুক্তি যেমন বিনিয়োগকারী-সাব ব্রোকার-ট্রেডিং সদস্যের মধ্যে একটি চুক্তি করতে হবে।
- অনুগ্রহ করে আপনার পরিচয় পত্রের, ঠিকানা এবং পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর কার্ডের (প্যান) প্রমাণ প্রদান করুন।
- ট্রেডিং সদস্য দ্বারা বন্টিত একটি অনন্য ক্লায়েন্ট কোড লাভ করুন।
- ট্রেডিং সদস্য অথবা তার কোন অনুমোদিত প্রতিনিধিকে সমস্ত ডক্যুমেন্ট জমা করবার আগে ভবিষ্যতের জন্য প্রত্যেকটি ডক্যুমেন্টের এককপি নিজের কাছে রাখুন।

### *যে অংশগুলির প্রতি লক্ষ্য রাখা দরকার*

১. আপনার পছন্দ পরিবর্তনের জন্য কে বাছুন। যার সাথে আপনি ব্যবসা করতে চান না সেই এক্সচেঞ্জের নামটি কেটে দিন।

২. মার্কেট সেগমেন্টটি বাছুন যেখানে আপনি ব্যবসা করতে চান কোনরকম বাধ্যবাধকতা ছাড়াই যেমন ক্যাপিটাল মার্কেট (CM) এবং/অথবা এক্সচেঞ্জের ফিউচার অ্যান্ড অপশনস্ সেগমেন্ট (F&O)। যার সাথে আপনি ব্যবসা করতে চান না সেই এক্সচেঞ্জের নামটি কেটে দিন।

৩. সুনিশ্চিত অর্ডার, চুক্তির খসড়া এবং ডিজিটাল অথবা হস্তলিখিত ফান্ড এবং সিকিউরিটি বিবৃতি পাবার জন্য পরীক্ষা করুন এবং স্পষ্ট ভাবে আপনার বিকল্প চিহ্নিত করুন।

*আপনি যদি ডিজিটাল ফর্ম বাছেন, নিশ্চিত থাকুন যেন,*

i. ডিজিটাল উপায়ে সই করা ফর্মের তথ্যটি পাওয়ার শর্তটি স্পষ্ট হয়

ii. আপনার নিয়মিত ব্যবহৃত ই-মেল আই ডি টি প্রদান করা হয়

iii. ই-মেল আই ডি সৃষ্টি অন্যের যেমন রিলেশনশিপ ম্যানেজার, ডিলারের ইচ্ছাধীনে না থাকে

iv. ট্রেডিং সদস্য যেন আপনার ই-মেল আই ডি স্বীকার করেন

*আপনি যদি হস্তলিখিত ফর্ম বাছাই করেন, অবশ্যই আপনি নিশ্চিত করুন:*

i. সঠিক ঠিকানা যেখানে আপনি কনট্র্যাক্ট নোট আর অন্যান্য বিবৃতিগুলি পাবেন

ii. ই-মেল আই ডি কলামটি কেটে দিন এবং স্পষ্ট করে লিখুন আপনি ডিজিটাল ফর্মে ডক্যুমেন্ট লাভ করতে চান না

৪. আপনি যদি অন-লাইন / ইন্টারনেট ট্রেডিং-এ রেজিস্টার করেন তাহলে নিশ্চিতভাবে আপনার

i. কমপিউটারে কাজকরবার অভিজ্ঞতা থাকতে হবে।

ii. ট্রেডিং সদস্য দ্বারা প্রদত্ত প্রোডাক্টটির ব্যাপারে আপনার পরিচিতিমূলক সম্পূর্ণ কিট আছে

iii. ট্রেডিংশুরু করবার আগে আপনার যাচাইকৃত সফটওয়ার সংস্করণ, নিশ্চিত স্থাপনা এবং ট্রেনিং সদস্যের কাছ থেকে লভ্য প্রশিক্ষণ আছে।

iv. অ্যাকাউন্টে লগ ইন করবার পর অবিলম্বে স্বাগত পত্রে ইস্যু করা পাসওয়ার্ডটি আপনি পরিবর্তন করেছেন। নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী আপনার পাসওয়ার্ডটি ডিজাইন করুন

v. কারোর সাথে আপনার পাসওয়ার্ড এবং ইউজার আই ডি শেয়ার করবেন না।

vi. নেটওয়ার্ক এবং নেটওয়ার্ক সম্পর্কিত কোন সমস্যা থাকলে অর্ডার দেওয়ার বিকল্প পদ্ধতিগুলিও আপনি জানেন

vii. অর্ডার দেওয়ার পর এবং ট্রেডিংপরিচালনা করবার পর সিস্টেম সম্বন্ধে নিশ্চিত হওয়ার জন্য সিস্টেম পরীক্ষা করা হয়েছে

৫. NSE দ্বারা আরোপিত চুক্তির শর্তগুলি ছাড়াও, আপনার এবং ট্রেডিং সদস্য দ্বারা সম্মত ঐচ্ছিক শর্তাবলীও থাকতে পারে। এব্যাপারে সম্মত হওয়ার পূর্বে অনুগ্রহ করে এই ঐচ্ছিক শর্তাবলীর প্রয়োগগুলি সম্বন্ধে অবহিত হোন। কিছু ব্যাখ্যামূলক ঐচ্ছিক শর্তাবলী / ডকুমেন্ট ট্রেডিং সদস্য / এবং বিনিয়োগকারীর মধ্যে সম্মত / পরিচালিত হয় যা বিনিয়োগকারী দ্বারা সতর্কভাবে বিবেচিত হয়।

**রানিং অ্যাকাউন্ট :** যেখানে বিনিয়োগকারী ফান্ড এবং সিকিউরিটিগুলি ২৪ ঘন্টার মধ্যে এক্সচেঞ্জের মাধ্যমে না পেয়ে বরং অনুরোধ সাপেক্ষে যখন ও যেমনভাবে প্রয়োজন তেমনভাবে পেতে সম্মত হয়।

**গ্রুপ অ্যাকাউন্ট :** যেখানে বিনিয়োগকারী ট্রেডিং সদস্যকে তার পরিবারের সদস্যদের থেকে ডেবিটক্রেডিট ব্যালেন্স পূরণ করে নেওয়ার ক্ষমতা প্রদান করে।

**পাওয়ার অফ অ্যাটর্নি :** যেখানে ট্রেডিং সদস্য এক্সচেঞ্জে / এক্সচেঞ্জ থেকে নিষ্পত্তির দায়ের জন্য বিনিয়োগকারীর জমা অ্যাকাউন্ট চালনা করবার ক্ষমতাপ্রাপ্ত হয়।

**ব্রোকারেজ এবং চার্জ :** যেখানে ট্রেডিংমেম্বার এবং বিনিয়োগকারী ট্রেডিং সদস্য দ্বারা সমর্পিত পরিষেবার জন্য ন্যস্ত চার্জের ব্যাপারে একমত হয়।

## ট্রেডিং

১. অর্ডার স্থাপন করবার আগে আপনার নাম এবং ক্লায়েন্ট কোড নির্দিষ্ট করুন ২. নিরাপত্তা সম্বন্ধে বিশদ তথ্য, পরিমাণ এবং মূল্যের মত বিষয়গুলির ক্ষেত্রে নির্দিষ্ট হোন। ৩. আপনার হয়ে কাউকে অর্ডার স্থাপন করবার সর্বজনীন অনুমতি দেবেন না। ৪. আপনাকে বন্টন করা ইউনিক ক্লায়েন্ট কোডে (ucc) আপনার দেওয়া অর্ডারটি এন্টার করা আছে কিনা সে বিষয়ে নিশ্চিত হোন ৫. আপনি যদি অনলাইন বিনিয়োগকারী হন, সময়ে সময়ে আপনার পাসওয়ার্ডটি পরিবর্তন করুন।

## ট্রেডিং পরবর্তী সময়

১. ট্রেডের কার্য শুরু হওয়ার ২৪ ঘন্টার পরিভাষিত সময়ের মধ্যে আপনার সমস্ত ট্রেডের জন্য আপনার ট্রেডিং সদস্যের কাছ থেকে কনট্র্যাক্ট নোটস পাওয়ার ব্যাপারে নিশ্চিত হোন। ২. আপনি যদি কোন কারণে ডিজিটাল কনট্র্যাক্ট নোটস পান নিয়মিত আপনার ই-মেল অ্যাকাউন্ট যাচাই করুন যাতে সমস্ত ট্র্যানজাকশানের ব্যাপারে আপনি অবহিত হতে পারেন ৩. আপনার বেনিফিসিয়ারী ওনার অ্যাকাউন্ট (ডিম্যাট) এ ট্র্যানজ্যাকশন নিয়মিত পুনর্বিবেচনা করুন। ৪. আপনার ডিম্যাট অ্যাকাউন্টে সিকিউরিটি মুভমেন্ট বৈধ ট্র্যানজ্যাকশনের জন্য যা আপনার পক্ষ থেকে চালনা করা হয়েছে। ৫. সমস্ত ফান্ড/সিকিউরিটি দেওয়া এবং নেওয়া ট্রেডিংসদস্যের অ্যাকাউন্ট থেকে হবে। ৬. ট্রেডিং সদস্যের আনুকূল্যে অ্যাকাউন্ট পেয়ী চেকে/ডিম্যান্ড ড্রাফটে/পে অর্ডারে পেমেন্ট করুন। ৭. আপনার ট্রেডিং সদস্যের কাছ থেকে ফান্ড এবং সিকিউরিটির বিবৃতি ত্রৈমাসিক ভিত্তিতে লাভ করুন। বিবৃতির সত্যতা পর্যালোচনা করুন।

### *ট্রেডিং কার্যকলাপের আংশিক সময়ের প্রত্যাহার অথবা অ্যাকাউন্ট বন্ধ*

১. যদি নির্দিষ্ট সময়ের (আপনি যদি ভ্রমণ করেন / চিকিৎসাধীন থাকেন) জন্য আপনি ট্রেডিং বন্ধ করে দিতে চান তাহলে ট্রেডিং সদস্যকে লিখিতভাবে জানান এবং তার জন্য স্বীকৃতি নিন। ২. যদি আপনি ট্রেডিং অ্যাকাউন্ট বন্ধ করে দিতে চান, নিশ্চিতভাবে আপনি সমস্ত নিয়মকানুন সম্পূর্ণ করুন এবং ট্রেডিং সদস্যের কাছ থেকে একটি ক্লোজার লেটার নিন।

### *মনে রাখবেন...*

১. নিয়মিতভাবে www.nseindia.com এ আপনার ট্রেড যাচাই করুন। NSE ওয়েবসাইটটি ৫ দিনের ট্রেড ডাটা প্রদান করে। ২. ফান্ড এবং সিকিউরিটির কনট্র্যাক্ট নোট অথবা ত্রৈমাসিক বিবৃতিতে ট্র্যানজাকশান পরীক্ষা করুন। আপনি যদি দেখেন কোন ট্র্যানজাকশান আপনার নির্দেশানুযায়ী হয় নি, ট্র্যানজাকশানের তারিখের ১০ দিনের মধ্যে লিখিতভাবে বিষয়টি সংশ্লিষ্ট ট্রেডিং সদস্যের কমপ্লায়েনস অফিসারকে জানান। ৩. আপনার অভিযোগের উত্তর / সিদ্ধান্ত ১৫ দিনের মধ্যে ট্রেডিং সদস্যের কাছ থেকে পাবেন, তা না পেলে এক্সচেঞ্জের ইনভেস্টর সার্ভিসেস সেল (ISC) এ আপনার অভিযোগ দায়ের করুন। ৪. আপনার অ্যাকাউন্টে পুনরায় ট্রেড স্থাপন করে ক্ষতিপূরণের অফার গ্রহণ করবার আগে সতর্ক হোন কারণ এর ফলে অতীতের অনুমোদিত ট্রেডকে পরোক্ষভাবে সম্মতিপ্রদান করা হতে পারে।

**অস্বীকরণ বিবৃতি**
এই পৃষ্ঠাগুলিতে প্রদত্ত তথ্য এবং বিষয় এবং নিয়মাবলী, শর্তাবলী এবং বর্ণনার যে নির্দেশন আছে তা পূর্ব-বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন সাপেক্ষ। এই ব্রুশিওরে তথ্যগুলি যেমনভাবে আছে তেমনভাবে লভ্য ভিত্তিতে দেওয়া হবে এবং এই তথ্যের অভ্রান্ততার, প্রাচুর্যের অথবা সম্পূর্ণতার নির্ভরপত্র প্রদান করে না এবং স্পষ্ট রূপে এই তথ্য ও বিষয়ের ত্রুটি এবং বিচ্যুতির দায় অস্বীকার করে।

## ইনভেস্টর পরিষেবা কেন্দ্রগুলির তালিকা:

**মুম্বাই :** ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড
'এক্সচেঞ্জ প্লাজা', সি-১, ব্লক জি, বান্দ্রা-কুর্লা কমপ্লেক্স, বান্দ্রা ইস্ট,
মুম্বাই - ৪০০ ০৫১
টেলিফোন নম্বর: ২৬৫৯৮১৯০, ফ্যাক্স নম্বর: ২৬৫৯৮১৯১
ই-মেল: ignse@nse.co.in

**কোলকাতা :** ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড
১ম তল, পার্ক ভিউ অ্যাপার্টমেন্টস, ৯৯, রাসবিহারী এভিনিউ, কোলকাতা - ৭০০ ০২৯
টেলিফোন নম্বর: (০৩৩)২৪৬৩১৮০২-১৮০৫, ২৪৬৩১৮০৯-১৮১২
ফ্যাক্স নম্বর: (০৩৩) ২৪৬৩১৭৯১, ২৪৬৩১৮০৬
ই-মেল: nseisckol@nse.co.in

**হায়দ্রাবাদ :** ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড
এইচ নম্বর ৩-৬-৩২২, মহাবীর হাউজ, ২য় তল, চেম্বার নম্বর, ২০৩ এবং২০৪,
বশিরবাগ, হায়দ্রাবাদ - ৫০০০২৯
টেলিফোন নম্বর: (০৪০) ২৩৪৪৭০৮৪, (০৪০) ২৩২২৭০৮৫, ফ্যাক্স নম্বর (০৪০) ২৩২২৭০৮৬
ই-মেল: nseschyd@nse.co.in

**দিল্লী:** ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড
৪র্থ তল, জীবন বিহার বিল্ডিং, পার্লামেন্ট স্ট্রীট, নতুন দিল্লী - ১১০ ০০১
টেলিফোন নম্বর: (০১১) ২৩৩৪৪৩১৩ থেকে ২৩৩৪৪৩২৭, ফ্যাক্স নম্বর (০১১) ২৩৩৬ ৬৬৫৮
ই-মেল: nseiscdel@nse.co.in

**চেন্নাই:** ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড
সপ্তম তল, অ্যারিহান্ট নিটকো পার্ক, ৯০, ডঃ রাধাকৃষ্ণণ সালাই, মায়লাপুর,
চেন্নাই ৬০০ ০০৪
টেলিফোন নম্বর: (০৪৪) ২৮৪৭ ৫১০০২৮৪৭ ৩৬৭০, ফ্যাক্স নম্বর (০৪৪) ২৮৪৭ ৩৬৩৩
ই-মেল : nseiscdel@nse.co.in

**আমেদাবাদ :** ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড
৪০৬, সকার ২, এলিস ব্রিজের কাছে, আমেদাবাদ ৩৮০ ০০৬
টেলিফোন নম্বর: (০৭৯) ২৬৫৮ ০২১২২৬৫৮ ০২১৩ ফ্যাক্স নম্বর (০৭৯) ২৬৫৭ ৬১২৩
ই-মেল : nseiscdel@nse.co.in

www.nseindia.com এ আমাদের দেখুন

বিনিয়োগকারীদের স্বার্থে প্রচারিত
NATIONAL STOCK EXCHANGE OF INDIA LIMITED